



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেইল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

স্মারক সংখ্যা: ডি.এম.এফ./প্রেস/২৭/২১

১৮ই আগস্ট, ২০২১

শ্রী অখিল গিরি,

মাননীয় মৎস্য মন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার।

বেনফিশ টাওয়ার (৮ম তল)

৩১ জি এন ব্লক, সল্টলেক, সেক্টর-৫,

কলকাতা-৭০০০৯১

বিষয়: মৎস্যজীবীদের জন্য দুর্ঘটনা বিমা প্রত্যাহার।

মাননীয় মহাশয়,

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের পক্ষ থেকে আপনাকে আন্তরিক অভিনন্দন।

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে পশ্চিমবঙ্গের মৎস্যজীবীদের বর্তমানে কোন সরকারি মৎস্যজীবী দুর্ঘটনা বিমা নেই। পূর্বে মৎস্যজীবীরা ২ লক্ষ টাকার সরকারি মৎস্যজীবী দুর্ঘটনা বিমার আওতায় ছিলেন এবং প্রাচুর সংখ্যক দুঃস্থ মৎস্যজীবী পরিবার এর দ্বারা উপকৃত হয়েছেন। তথ্য জানার আইন মোতাবেক আবেদনের উত্তরে আপনার দণ্ডের রাজ্য তথ্য আধিকারিক তথা প্রশাসনিক আধিকারিক জানান যে মৎস্যজীবীদের জন্য সরকারি দুর্ঘটনা বিমা প্রকল্পটি ১০.১২.২০১৭ থেকে বন্ধ হয়ে আছে।

এই তথ্যটি জানার পরেই দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের পক্ষ থেকে মৎস্য দণ্ডের মাননীয়া অধিকর্তাকে একটি চিঠি [স্মারক সংখ্যা ডি.এম.এফ./প্রেস/১২/২১ তারিখ: ৫.৪.২০২১, প্রতিলিপি সংযোজিত] দেওয়া হয়। দুঃখের বিষয় মৎস্যজীবীদের জীবন-জীবিকার পক্ষে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় হওয়া সত্ত্বেও আমাদের চিঠির কোন উত্তর আমরা পাইনি।

মৎস্য শিকার একটি বিপজ্জনক পেশা। দুর্ঘটনায় মৃত দরিদ্র মৎস্যজীবীর অসহায় বিধবা ও পরিবারের অন্যান্য সদস্যরা সরকারি দুর্ঘটনা বিমার মাধ্যমে স্বল্প কিন্তু অত্যন্ত প্রয়োজনীয় আর্থিক সহায়তা লাভ করতেন। এই সহায়তার রাশি শেষ পর্যন্ত ২ লক্ষ টাকা হয়েছিল। বর্তমানে প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় এটি ৫ লক্ষ টাকা করার প্রস্তাব দেওয়া হয়েছে। অর্থে পশ্চিমবঙ্গের মৎস্যজীবীরা তিনি বছরের উপর দুর্ঘটনা বিমা থেকে সম্পূর্ণ বঞ্চিত হয়ে আছেন।

অত্যন্ত পরিতাপের বিষয় এই যে সুদীর্ঘ তিনি বছরের মধ্যে মৎস্য দণ্ডের বা রাজ্য সরকার এই বিষয়ে এমন কোন পদক্ষেপ নেয়নি যাতে দুর্ঘটনায় মৃত মৎস্যজীবীদের দরিদ্র পরিবারগুলি অত্যন্ত প্রয়োজনীয় আর্থিক সহায়তা পেতে পারে। আমরা অত্যন্ত দুঃখের সাথে বলতে বাধ্য হচ্ছি যে এটি মৎস্য দণ্ডের তথা সরকারের তরফে শুধু সাংঘাতিক দায়িত্বহীনতা নয়, চরম হৃদয়হীনতার নির্দর্শন।

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম দাবি করছে -

- > দুর্ঘটনায় মৃত দরিদ্র মৎস্যজীবীদের বিধবা বা পরিবারদের অবিলম্বে ৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ দিতে হবে।
- > দুর্ঘটনায় মৃত দরিদ্র মৎস্যজীবীদের বিধবা বা পরিবারের সমস্ত বকেয়া আবেদন অবিলম্বে বিবেচনা করতে হবে এবং ক্ষতিপূরণ দিতে হবে।

কার্যকরী ও দ্রুত পদক্ষেপের প্রত্যাশায় -



আপনার বিশ্বাস,

*প্রদীপ চ্যাটার্জী*

প্রদীপ চ্যাটার্জী,

সভাপতি,

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম